



# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বিজ্ঞপ্তি নং-০৪/২০২১

বন্দর ভবন-৪১০০  
www.cpa.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অন-লাইনে দরখাস্ত আহ্বান করছেঃ

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল আঃবেঃস্কেল-২০১৫	২৫/০৩/২০২০ তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	পাইলট	০৩	টাঃ ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)	অনুর্ধ্ব ৩৫ বৎসর	২য় শ্রেণির (ডেক) কম্পিউটিং সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজের ১ম মেট হিসাবে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা ৩য় শ্রেণি(ডেক) কম্পিউটিং সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে ০৮(আট) বৎসরের সামুদ্রিক অভিজ্ঞতা।

### অন-লাইনে আবেদন ফরম পূরণের শর্তাবলীঃ

- ১। আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট [jobscpa.org](http://jobscpa.org) তে অন-লাইন চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে;
- ২। অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০x৩০০ রেজুলেশনে সর্বোচ্চ ২৫ কিলোবাইটের [jpg/jpeg](http://jpg/jpeg) ফরমেটে সদ্য তোলা রঙিন ছবি এবং ৩০০x৮০ সাইজের স্বাক্ষর আপলোড করতে হবে;
- ৩। অন-লাইনে আবেদন ফরম সাবমিট করার পর প্রার্থীকে নিবন্ধন নম্বর সম্বলিত তীর আবেদনের একাধিক প্রিন্ট কপি (হার্ড কপি) ও একই নিবন্ধন নম্বর সম্বলিত সোনালী ব্যাংকের সোনালী সেবার পে-স্লীপ ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় (পোর্ট শাখা, চট্টগ্রাম ব্যতিত) উক্ত পে-স্লীপ দিয়ে নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্ধারিত অংকের ফি ও ব্যাংক চার্জ পরিশোধ করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ডিটি গ্রহণযোগ্য নয়) এবং আবেদনের হার্ড কপি প্রার্থীকে সংরক্ষণ করতে হবে। নিয়োগ পরীক্ষার ফি ২০০/- (দুইশত) টাকা;
- ৪। আবেদনকারী প্রার্থীদেরকে অন-লাইন আবেদনের কপির সাথে বয়স, ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কসশীট, জাতীয়তা সনদ, জাতীয় পরিচয়পত্র, প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ প্রভৃতির সত্যায়িত কপি সংযুক্ত করে অন-লাইনে আবেদনের ১৫ (পনের) দিনের মধ্যে পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম বরাবরে হার্ডকপি প্রেরণ করতে হবে। অবশ্যই খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে;
- ৫। কর্তৃপক্ষ কোন প্রার্থীর আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে, প্রার্থী সংখ্যা বেশী হলে আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতা, প্রাপ্ত নম্বর কিংবা অন্যকোন মানসম্মত (Standard) নির্ণায়কের ভিত্তিতে প্রাথমিক যোগ্যতা যাচাই পূর্বক প্রাথমিক তালিকা করতে পারবে। নিয়োগের ক্ষেত্রে চবক এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- ৬। প্রার্থীদের অন-লাইন আবেদনের কপি আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে;
- ৭। প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে;
- ৮। অন-লাইনে আবেদনপত্র পূরণ ও সাবমিট করতে কোন সমস্যার সম্মুখীন হলে [hr@cpa.gov.bd](mailto:hr@cpa.gov.bd) ই-মেইল ঠিকানায় সমস্যাটির বিষয়ে যোগাযোগ করা যাবে;
- ৯। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের-এর ওয়েব সাইটের ([www.cpa.gov.bd](http://www.cpa.gov.bd)) মাধ্যমে যথাসময়ে নিয়োগ পরীক্ষার সময়সূচী জানানো হবে। প্রার্থীগণ [jobscpa.org](http://jobscpa.org) ওয়েব সাইট হতে নিবন্ধন নম্বর দিয়ে পরীক্ষার প্রবেশপত্র/ইন্টারভিউ কার্ড ডাউনলোড করে সংগ্রহ করবেন। তাকযোগে কোন প্রবেশপত্র/ইন্টারভিউ কার্ড প্রেরণ করা হবে না;
- ১০। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হাস/বৃদ্ধি হতে পারে;
- ১১। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;
- ১২। অন-লাইনে আবেদন গ্রহণ শুরুর সময়ঃ ২৫/১১/২০২১ খ্রিঃ সকাল ১০-০০ টা;
- ১৩। অন-লাইনে আবেদন গ্রহণের শেষ সময়ঃ ২৩/১২/২০২১ খ্রিঃ রাত ১২-০০ টা;
- ১৪। সোনালী ব্যাংক লিঃ এ ফি জমাদানের শেষ তারিখঃ ২৬/১২/২০২১ খ্রিঃ;
- ১৫। নিয়োগ সংক্রান্ত তথ্যের জন্য কল সেন্টার ১৬৫৬৩ নম্বরে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে;

১৭/১১/২১

পরিচালক (প্রশাসন)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ